## আইসিটি কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত মান্দা উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ- | সাইফুর রহমান খান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>মান্দা, নওগাঁ। |
| সভার তারিখ | ঃ- | ১৮/১১/২০১৫খ্রিঃ। |
| সময় | ঃ- | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ- | উপজেলা পরিষদ সভাকক্ষ, মান্দা, নওগাঁ। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় জানান যে মাননীয় প্রধানমন্ত্রীর ২০২১ এর ভিশন সফল করার লক্ষ্যে বিভিন্ন স্কুল-কলেজে কম্পিউটার ল্যাব স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। তৃণমূল পর্যায়ে সকল জনগণের মধ্যে তথ্য প্রযুক্তির সম্পূর্ণ বিকাশ, সুষ্ঠু ব্যবহার এবং প্রয়োগ নিশ্চিত করার বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা অপরিসীম। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব আছে এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তদারকি জোরদার করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁকে অনুরোধ করেন। এছাড়া যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনা করা হচ্ছে না, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালনার ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁকে অনুরোধ করেন। কম্পিউটার ল্যাবগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণ এবং ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। যে সকল বিদ্যালয়ে কম্পিউটার ল্যাব আছে কিন্তু শিক্ষকদের অজ্ঞতার কারণে সঠিকভাবে কম্পিউটার প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে না, সে সকল প্রতিষ্ঠানের শিক্ষকদের জরুরী ভিত্তিতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া ইউডিসির সকল উদ্যোক্তাদের প্রতিনিয়ত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সেবা প্রদান নিশ্চিত করতেও নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ০১ (এক) জন করে মহিলা উদ্যোক্তা যেন নিয়মিত উপস্থিত থেকে সেবা প্রদান করে তার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।

উত্তরা ডিগ্রি কলেজে কম্পিউটার শিক্ষক বলেন তাদের প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাবে সপ্তাহে তিনদিন একাধিক ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। কিন্তু প্রশিক্ষনার্থীদের কোন সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। প্রশিক্ষনার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করা যায় কি না; এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এই প্রসঙ্গে সভাপতি বলেন প্রশিক্ষণ প্রদানের সময় যেন তারা রেজিস্ট্রার বই সংরক্ষন করে তা ৬ (ছয়) মাস পর পর উপজেলাতে পরীক্ষার মাধ্যমে সার্টিফিকেট প্রদানে ব্যবস্থা গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন।

সভাপতি উপজেলায় ন্যাশনাল আইসিটি ইনফ্রা নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার প্রকল্প) এর আওতায় যে সকল ট্যাবলেট পিসি এবং রাউটার বিভিন্ন অফিসের অফিসারদের মধ্যে দেওয়া হয়েছে তা যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব আছে এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তদারকি জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ। |
| ০২ | বিভিন্ন বিদ্যালয়ে সরকার প্রদত্ত দোয়েল ল্যাপটপ দেওয়া হয়েছে। এ সকল ল্যাপটপ গুলোর মধ্যে কিছু ল্যাপটপের সফটওয়ার সংক্রান্ত সমস্যা এবং কিছু ল্যাপটপের হার্ডওয়ার সংক্রান্ত সমস্যা হয়েছে। এ সকল ল্যাপটপ গুলো সার্ভিসিং করানো হলে তা আবারো সচল করানো সম্ভব। এ সকল ল্যাপটপ সচল হলে তাতে ডিজিটাল কনটেন্ট তৈরি এবং শিক্ষকদেরও কম্পিউটার ব্যাবহারের আগ্রহ সৃষ্টি হবে। | ল্যাপটপ গুলোর সফটওয়ার সংক্রান্ত সমস্যা হলে উপজেলা সহকরী প্রোগ্রামার এবং উপজেলা টেকনিশিয়ান এর পরামর্শ অনুযায়ী সমাধান করে নেওয়া এবং হার্ডওয়ার সংক্রান্ত সমস্যা হলে বিদ্যালয়ে নিজস্ব অর্থায়নে তা সার্ভিসিং করানো। |
| ০৩ | উত্তরা ডিগ্রি কলেজে কম্পিউটারের প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে রেজিষ্ট্রার ব্যবহার করে প্রতি ৬ (ছয়) মাস পর পর উপজেলাতে পরীক্ষার মাধ্যমে সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সহকরী প্রোগ্রামার, মান্দা, নওগাঁ। |
| ০৪ | যে সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ল্যাপটপ, ফটোকপি মেশিন এবং প্রিন্টার এর সমস্যা আছে সে সকল ইউপিতে এলজিএসপির বরাদ্দ থেকে সেগুলো ক্রয়/মেরামত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)।<br>২) উদ্যোক্তা সকল ইউপি, মান্দা, নওগাঁ। |

সভায় সভাপতি উপজেলার সকল সরকারি অফিস এবং ইউনিয়ন ওযেব পোর্টাল হালনাগাদকরণসহ নিয়মিত পোর্টাল আপডেট রাখার জন্য স্ব-স্ব অফিসের জন্য পৃথক পৃথক ভাবে User ID & Password প্রদান করা হয়েছে সে মোতাবেক নিয়মিতভাবে ওযেব পোর্টালের কাজ করে আপডেট রাখার ব্যবস্থা এবং এ উপজেলার সকল অফিসের অফিস প্রধানগণ নিয়মিত ই-মেইল চেক করবেন এবং ই-মেইলের মাধ্যমে চিঠি পত্র আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/১৫

সাইফুর রহমান খান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
মান্দা, নওগাঁ।

১৮/০৯/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকা
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মান্দা, নওগাঁ ।
http://manda.naogaon.gov.bd

স্মারকনং-০৫.৪৩.৬৪৪৭.০০.০০০.১৫- ২৪১১

তারিখঃ- ০৯/০৯/১৪২২ বঙ্গাব্দ
২৩/১২/২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৫। জেলা প্রশাসক, নওগাঁ ।

৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান, মান্দা, নওগাঁ।

৭। উপজেলা..................................................অফিসার, মান্দা, নওগাঁ ।

৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/কম্পিউটার শিক্ষক,.............................................কলেজ/উচ্চ বিদ্যালয়, মান্দা, নওগাঁ ।

৯। উদ্যোক্তা ............................................ ইউনিয়ন ডিজিটাল সেন্টার।

সাইফুর রহমান খান
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা, নওগাঁ ২৩/১২/১৫
ই-মেইলঃ unoma@mopa.gov.bd